# The Country Today

## DU Leather Engineering Institute provides scholarships, research awards



**DU Correspondant**

Educational scholarships and research awards were given to meritorious students of Dhaka University Leather Engineering and Technology Institute on Monday.

Dhaka University Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan was present as the chief guest and presented scholarship checks to the students at a ceremony organized at the institute's auditorium.

These scholarships and research awards were provided with funding from the institute's alumni.

Under the chairmanship of Prof Dr. Mohammad Kamruzzaman, Director of the Institute of Leather Engineering and Technology, University Proctor Associate Professor Saifuddin Ahmed and Institute Professor Dr. Md. Abdul Muttalib spoke as special guests. Tariqul Islam Khan spoke on behalf of the alumni.

Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan expressed his heartfelt congratulations to the scholarship recipients. He said, despite various adversities, our teachers, researchers and students are conducting education and research activities with great sincerity.

Such scholarships and honors provide recognition and encouragement to the talent and thinking of the researchers. He urged the students of the institute to take the country's leather industry forward through cutting-edge research. In this regard, the Vice-Chancellor assured all possible cooperation from the university administration.

# দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয় লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা বৃত্তি ও গবেষণা সম্মাননা প্রদান করা হয়েছে। সোমবার ইনস্টিটিউটের মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক প্রদান করেন -বর্তমান

## ঢাবি লেদার ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটে শিক্ষা বৃত্তি ও গবেষণা সম্মাননা প্রদান

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা বৃত্তি ও গবেষণা সম্মাননা প্রদান করা হয়েছে। সোমবার ইনস্টিটিউটের মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক প্রদান করেন। ইনস্টিটিউটের অ্যালামনাইদের অর্থায়নে এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

### ঢাবি লেদার ইঞ্জিনিয়ারিং

এই শিক্ষাবৃত্তি ও গবেষণা সম্মাননা প্রদান করা হয়। লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ কামরুজ্জামানের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ ও ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. আব্দুল মুত্তালিব বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অ্যালামনাইদের পক্ষে তারিকুল ইসলাম খান বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ও গবেষকদের আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন, বিভিন্ন প্রতিকূলতার সত্ত্বেও আমাদের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা অত্যন্ত আন্তরিকতার সঙ্গে শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করছেন। এধরনের বৃত্তি এবং সম্মাননা গবেষকদের মেধা ও মননের স্বীকৃতি ও উৎসাহ প্রদান করে। তিনি অত্যাধুনিক গবেষণার মাধ্যমে দেশের চামড়া শিল্পকে এগিয়ে নেয়ার জন্য ইনস্টিটিউটের শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। এক্ষেত্রে উপাচার্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

# আজকালের খবর



## ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'এবিএম মূসা-সেতারা মূস ট্রাস্ট ফান্ড' গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'এবিএম মূসা-সেতারা মূসা ট্রাস্ট ফান্ড' শীর্ষক নতুন একটি ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠা করা হয়েছে। এই ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠার লক্ষ্যে 'এবিএম মূসা-সেতারা মূসা ফাউন্ডেশন'-এর কোষাধ্যক্ষ ব্যারিস্টার মো. আফতাব উদ্দিন ২০ লাখ টাকার একটি চেক গত রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী-এর কাছে হস্তান্তর করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে এবিএম মূসার কন্যা ও ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. শারমিন মূসা, মরিয়ম সুলতানা মূসা রুমা, পারভীন সুলতানা মূসা ঝুমা, বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সিরাজুল ইসলাম (সিরাজ সালেকীন) এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ উপস্থিত ছিলেন। এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হবে । ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান একুশে পদকপ্রাপ্ত খ্যাতিম্যান সাংবাদিক এবিএম মূসা ও তাঁর সহধর্মিণী সেতারা মূসার নামে এই ট্রাস্ট ফান্ড গঠনের জন্য দাতা পরিবারের সদস্যদেরকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, শুধু সরকারের উপর নির্ভর করে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন সম্ভব নয়। এজন্য ট্রাস্ট ফান্ড গঠন, বৃত্তি প্রদানসহ বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডে সহযোগিতা করার জন্য তিনি অ্যালামনাই, দাতা সংস্থা ও সমাজের বিত্তবানদের প্রতি আহ্বান জানান। এই ট্রাস্ট ফান্ড মেধাবী ও অস"ছল শিক্ষার্থীদের পড়াশোনায় উৎসাহিত ও অনুপ্রাণিত করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। উল্লেখ্য, প্রয়াত সাংবাদিক আবুল বাশার মোহাম্মদ মূসা (এবিএম মূসা) ১৯৩১ সালের ২৮ ফেব্রুয়ারি ফেনী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশের প্রথম জাতীয় সংসদের একজন নির্বাচিত সদস্য ছিলেন। দীর্ঘ ৬০ বছরের বেশি সময় তিনি সাংবাদিকতায় সক্রিয় ছিলেন। তিনি একাধারে একজন সাংবাদিক, সম্পাদক ও কলামিস্ট। বর্ণাঢ্য কর্মময় জীবনে তিনি প্রথমসারির বিভিন্ন দৈনিক পত্রিকায় সম্পাদক, বার্তা সম্পাদকসহ বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন। এছাড়া, তিনি বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের মহাপরিচালক ও বাংলাদেশ সংবাদ সংস্থার মহাব্যবস্থাপক হিসেবেও দায়িত্ব পালন করেন। ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২০১৪ সালের ৯ এপ্রিল তিনি মৃত্যুবরণ করেন। এবিএম মূসার সহধর্মিণী সেতারা মূসা ১৯৪০ সালের ২৮ ফেব্রুয়ারি কুমিল্লায় জন্মগ্রহণ করেন এবং ২০২৩ সালের ২৪ মার্চ ঢাকার একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ থেকে ১৯৬৭ সালে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। বিজ্ঞপ্তি

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## আমাদের সময়

### ডাকসু নির্বাচনের প্রস্তুতির জন্য তিন কমিটি গঠন

ঢাবি প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন নিয়ে পৃথক তিনটি কমিটি গঠন করা হয়েছে। সফলভাবে নির্বাচন আয়োজনের জন্য পরামর্শ প্রদান, নির্বাচনের আচরণবিধি প্রণয়ন বা সংশোধন এবং ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন বা পরিমার্জন করার বিষয়ে সুপারিশ করবে এসব কমিটি।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী এসব কমিটি গঠন করা হয়। কমিটিগুলো ইতিমধ্যে কাজ শুরু করেছে।

বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশাকে ■ এরপর পৃষ্ঠা ৯, কলাম ৪

### ডাকসু নির্বাচনের

(তৃতীয় পৃষ্ঠার পর) আহ্বায়ক করে ৬ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। এর আগে ডাকসু ও হল সংসদ নির্বাচনের আচরণবিধি প্রণয়ন বা সংশোধনের জন্য উপউপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদকে আহ্বায়ক করে ৭ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি ইতোমধ্যে প্রথম সভা করেছে।

এ ছাড়া ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন বা পরিমার্জন করার বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হককে আহ্বায়ক করে পৃথক একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির পক্ষ থেকে বিভিন্ন ছাত্র সংগঠন এবং সব শিক্ষার্থীর কাছ থেকে সংশোধন প্রস্তাব চাওয়া হয়েছে এবং বেশ কিছু প্রস্তাব পাওয়া গেছে। প্রস্তাবগুলো সমন্বয় করার কাজ বর্তমানে প্রক্রিয়াধীন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

## দেশ রুপান্তর

### ডাকসু নির্বাচন আয়োজনে ঢাবির ৩ কমিটি

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন আয়োজনের বিষয়ে পরামর্শদান, নির্বাচনের আচরণবিধি প্রণয়ন/সংশোধন এবং ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন/পরিমার্জন করার বিষয়ে পৃথক তিনটি কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী এসব কমিটি গঠন করা হয় বলে গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে জানানো হয়। কমিটিগুলো এরই মধ্যে কাজ শুরু করেছে বলেও এতে বলা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন সফলভাবে আয়োজনের বিষয়ে পরামর্শদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশাকে যুগ্ম আহ্বায়ক করে ছয় সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। এর আগে, ডাকসু ও হল সংসদ নির্বাচনের আচরণবিধি প্রণয়ন/সংশোধনের জন্য প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদকে আহ্বায়ক করে সাত সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি ইতিমধ্যে প্রথম সভা সমাপ্ত করেছে।

এ ছাড়া, ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন/পরিমার্জন করার বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হককে আহ্বায়ক করে পৃথক একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির পক্ষ থেকে বিভিন্ন ছাত্র সংগঠন এবং সব শিক্ষার্থীর কাছ থেকে সংশোধন প্রস্তাবনা চাওয়া হয়েছে এবং বেশকিছু প্রস্তাবনা পাওয়া গেছে। প্রাপ্ত প্রস্তাবগুলো সমন্বয় করার কাজ বর্তমানে প্রক্রিয়াধীন।

শেখ হাসিনা সরকারের পতনের পর জোরেশোরে দাবি উঠেছে ডাকসু নির্বাচনের। নির্বাচনী রোডম্যাপের দাবিতে ধারাবাহিক কর্মসূচি পালন করে আসছেন ঢাবি শিক্ষার্থীরা। ছাত্রদল, ছাত্রশিবিরসহ বিভিন্ন ছাত্র সংগঠনের পক্ষ থেকে সংস্কার প্রস্তাবনাও দেওয়া হয়েছে। ডাকসু নির্বাচন নিয়ে ইতিবাচক বিশ্ববিদ্যালয় প্রশাসনও। ফেব্রুয়ারির মধ্যেই ভোট আয়োজনের পরিকল্পনার কথা জানিয়েছিলেন তারা।

সংবাদ সম্মেলনে ঢাবি প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ বলেছেন, ফেব্রুয়ারির মধ্যে ডাকসু নির্বাচন হওয়ার একটা গ্রহণযোগ্য সময়। গঠনতন্ত্র সংস্কার না করে ডাকসু নির্বাচন কার্যকরি হবে না। এজন্য ডাকসুর গঠনতন্ত্র সংস্কারের জন্য কমিটি গঠন করা হয়েছে।

## আজকের পত্রিকা

### ডাকসু ও হল সংসদ নির্বাচনে তিন কমিটি

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

**ঢাকা বিশ্ববিদ্যালয়**

» উপাচার্যের নির্দেশনা অনুযায়ী এসব কমিটি গঠন করা হয়।

» ইতিমধ্যে কাজ শুরু করেছে কমিটিগুলো।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন সফলভাবে আয়োজনের বিষয়ে পরামর্শ দেওয়া, নির্বাচনের আচরণবিধি প্রণয়ন বা সংশোধন এবং ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন বা পরিমার্জন করার বিষয়ে তিনটি কমিটি গঠন করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী এসব কমিটি গঠন করা হয়। কমিটিগুলো ইতিমধ্যে কাজ শুরু করেছে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়।

নির্বাচন সফলভাবে আয়োজনের বিষয়ে পরামর্শ দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশাকে আহ্বায়ক করে ছয় সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।

এর আগে, ডাকসু ও হল সংসদ নির্বাচনের আচরণবিধি প্রণয়ন বা সংশোধনের জন্য উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদকে আহ্বায়ক করে সাত সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি ইতিমধ্যে প্রথম সভা করেছে।

এ ছাড়া, ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন বা পরিমার্জন করার বিষয়ে সুপারিশ করার জন্য আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হককে আহ্বায়ক করে আরও একটি কমিটি করা হয়েছে। এই কমিটির পক্ষ থেকে বিভিন্ন ছাত্রসংগঠন এবং সব শিক্ষার্থীর কাছ থেকে সংশোধন প্রস্তাব চাওয়া হয়েছে এবং বেশ কিছু প্রস্তাব পাওয়া গেছে। প্রস্তাবসমূহ সমন্বয় করার কাজ বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

## দৈনিক আমাদের বার্তা

### ডাকসু ও হল সংসদ নির্বাচন প্রস্তুতিতে ৩ কমিটি গঠন

■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন সফলভাবে আয়োজনের বিষয়ে পরামর্শদান, নির্বাচনের আচরণবিধি প্রণয়ন/সংশোধন এবং ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন/পরিমার্জন করার বিষয়ে পৃথক তিনটি কমিটি গঠন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী সম্প্রতি এসব কমিটি গঠন করা হয়। কমিটিগুলো ইতোমধ্যেই কাজ শুরু করেছে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন সফলভাবে আয়োজনের বিষয়ে পরামর্শদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশাকে যুগ্ম আহ্বায়ক করে ৬ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। এর আগে, ডাকসু ও হল সংসদ নির্বাচনের আচরণবিধি প্রণয়ন/সংশোধনের জন্য প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদকে আহ্বায়ক করে ৭ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি ইতিমধ্যে প্রথম সভা সমাপ্ত করেছে। এ ছাড়া, ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন/পরিমার্জন করার বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হককে আহ্বায়ক করে পৃথক একটি কমিটি গঠন করা হয়েছে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

০৭ মাঘ ১৪৩১

21 January 2025

## খবরের কাগজ

### ডাকসু ও হল সংসদ নির্বাচনকে ঘিরে ৩ কমিটি গঠন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন সফলভাবে আয়োজনের জন্য পৃথক তিনটি কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যে এসব কমিটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী কাজ শুরু করেছে।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

জানা যায়, ডাকসু ও হল সংসদ নির্বাচন সফলভাবে আয়োজনের বিষয়ে পরামর্শদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশাকে যুগ্ম আহ্বায়ক করে ছয় সদস্যবিশিষ্ট কমিটি, নির্বাচনের আচরণবিধি প্রণয়ন/সংশোধনের জন্য প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদকে আহ্বায়ক করে সাত সদস্যবিশিষ্ট কমিটি এবং গঠনতন্ত্র সংশোধন/পরিমার্জন করার বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হককে আহ্বায়ক করে পৃথক একটি কমিটি গঠন করা হয়েছে।

## The Country Today

### DUCSU, Hall elections
### 3 committees formed to advise

DU Correspondent

Three separate committees have been formed to advise on the successful organization of Dhaka University Central Students' Union (DUCSU) and Hall Parliament elections, formulate/amend the code of conduct for the elections, and amend/revise the constitution of DUCSU and Hall Parliament.

These committees were formed as per the instructions of Dhaka University Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan. The committees have already started working.

It is worth noting that a 6-member committee has been formed with the University's Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha as the joint convener to advise on the successful organization of Dhaka University Central Students'

Continued to page 2

### 3 committees formed

Union (DUCSU) and Hall Parliament elections.

Earlier, a 7-member committee was formed with the Pro-Vice Chancellor (Education) Prof Dr. Mamun Ahmed as the convener to formulate/amend the code of conduct for DUCSU and Hall Parliament elections. The committee has already completed its first meeting.

In addition, a separate committee has been formed with the Dean of the Faculty of Law, Professor Dr. Mohammad Ikramul Haque, as the convener, to formulate recommendations on amending/revising the constitution of DUCSU and Hall Sangsad.

## দৈনিক বর্তমান

### ডাকসু ও হল সংসদ নির্বাচন নিয়ে ৩ কমিটি

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন নিয়ে পৃথক ৩টি কমিটি গঠন করা হয়েছে। সফলভাবে নির্বাচন আয়োজনের জন্য পরামর্শ দান, নির্বাচনের আচরণবিধি প্রণয়ন বা সংশোধন এবং ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন বা পরিমার্জন করার বিষয়ে সুপারিশ করবে এসব কমিটি।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী এসব কমিটি গঠন করা হয়। কমিটিগুলো ইতিমধ্যে কাজ

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

### ডাকসু ও হল

শুরু করেছে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। নির্বাচন সফলভাবে আয়োজনের বিষয়ে পরামর্শ দেওয়ার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশাকে আহ্বায়ক করে ৬ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।

এর আগে, ডাকসু ও হল সংসদ নির্বাচনের আচরণবিধি প্রণয়ন বা সংশোধনের জন্য উপ উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদকে আহ্বায়ক করে ৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি ইতিমধ্যে প্রথম সভা করেছে। এ ছাড়া, ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন বা পরিমার্জন করার বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হককে আহ্বায়ক করে পৃথক একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির পক্ষ থেকে বিভিন্ন ছাত্র সংগঠন এবং সব শিক্ষার্থীর কাছ থেকে সংশোধন প্রস্তাব চাওয়া হয়েছে এবং বেশ কিছু প্রস্তাব পাওয়া গেছে। প্রস্তাবগুলো সমন্বয় করার কাজ বর্তমানে প্রক্রিয়াধীন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

## জনকণ্ঠ

### ডাকসু নির্বাচনের প্রস্তুতির জন্য ৩ কমিটি

জনকণ্ঠ ডেস্ক ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন আয়োজনে পরামর্শদান, নির্বাচনের আচরণবিধি প্রণয়ন ও সংশোধন এবং ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন ও পরিমার্জন করতে আলাদা ৩টি কমিটি গঠন করা হয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। সোমবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলামের সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী এসব কমিটি গঠন করা হয়েছে এবং কমিটিগুলো ইতোমধ্যেই কাজ শুরু করেছে। এর মধ্যে ডাকসু ও হল সংসদ নির্বাচন আয়োজনের বিষয়ে পরামর্শদানের জন্য করা কমিটির যুগ্ম আহ্বায়ক করা হয়েছে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশাকে। কমিটিতে তিনিসহ মোট ৬ জন সদস্য আছেন।

এ ছাড়া নির্বাচনের আচরণবিধি প্রণয়ন ও সংশোধনের জন্য করা কমিটির আহ্বায়ক করা হয়েছে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদকে। এই কমিটির সদস্য সংখ্যা ৭। আর ডাকসু ও হল সংসদের গঠনতন্ত্র সংশোধন ও পরিমার্জন করার বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য করা কমিটির আহ্বায়ক করা হয়েছে আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হককে। এই কমিটির পক্ষ থেকে বিভিন্ন ছাত্র সংগঠন এবং সকল শিক্ষার্থীর কাছে থেকে সংশোধন প্রস্তাব চাওয়া হয়েছে। প্রাপ্ত প্রস্তাবসমূহ সমন্বয় করার কাজ বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে বলে জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে।